


ফ্যামিলি কার্ড সংক্রান্ত সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রাথমিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অত্র উপজেলার ০৯ (নয়) টি ইউনিয়ন ও ০১ (একটি) পৌরসভার সকল ওয়ার্ডেই আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত পরিবার জরিপ বা তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে।

০২। নকলা উপজেলায় তথ্য সংগ্রহের জন্য নিয়োজিত Enumerator বা জরিপকারীগণ মাঠপর্যায়ে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড এ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ, যথাসময়ে আপনার গ্রামে/বাড়িতে পৌঁছে সরেজমিন পরিবার জরিপ কার্যক্রম পরিচালনা করবে।

০৩। সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত কার্যক্রম 'ফ্যামিলি কার্ড' একটি 'বিনামূল্য' সেবা অর্থাৎ নীতিমালা অনুযায়ী উপযুক্ত নারী পরিবার প্রধান কোন ফিস প্রদান ছাড়াই সম্পূর্ণ বিনামূল্যে সেবাটি পাবেন। ফলে কোন সম্ভাব্য প্রতারক চক্র বিবিধ আর্থিক প্রলোভন ও ফ্যামিলি কার্ড প্রাপ্তির নিশ্চয়তা প্রদানের মাধ্যমে অনৈতিক লেনদেন বা আর্থিক সুবিধা দাবী করলে সেটি সর্বৈবভাবে মিথ্যা ও প্রতারণা ছাড়া কিছু নয়। ফ্যামিলি কার্ড পেতে নাগরিকদের যেহেতু কোন ফিস প্রয়োজন হয় না সেহেতু উক্ত সেবা প্রাপ্তির লক্ষ্যে কোনো ধরনের অনৈতিক লেনদেনে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত কিংবা প্রতারিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

০৪। এমতাবস্থায়, 'ফ্যামিলি কার্ড' পেতে আগ্রহী নাগরিকবৃন্দকে সর্বপ্রকার প্ররোচনা-প্রলোভনে প্রভাবিত হয়ে অনৈতিক লেনদেন হতে বিরত থাকার আহ্বান জানানো যাচ্ছে, এবং একই সাথে এধরনের সম্ভাব্য প্রতারক চক্রকে আইন-প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।



মো: রুমান হাসান

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য-সচিব

ফ্যামিলি কার্ড বাস্তবায়ন/ উপকারভোগী নির্বাচন উপজেলা কমিটি

ফোন: ০১৭০৮৪১৫০২৪

নম্বর: ৪১.০১.৮৯৬৭.০০০.০০০.১৬.০০০১.২৬- নন

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১। মাননীয় সংসদ সদস্য-১৪৪, শেরপুর-০২ (নকলা-নালিতাবাড়ী)।

২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।

৩। জেলা প্রশাসক, শেরপুর।

৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শেরপুর।

৫। উপজেলা নির্বাহী অফিসার নকলা, শেরপুর।

৬। অফিসার ইন চার্জ, নকলা, থানা, শেরপুর। [এ সংক্রান্ত অভিযোগ পেলে ত্রুটি আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৭। চেয়ারম্যান.....(সকল) ইউনিয়ন পরিষদ, নকলা, শেরপুর। [তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]

৮। জনাব..... নকলা, শেরপুর [তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]

৯। ওয়েবসাইট/ নোটিশ বোর্ড/ অফিস কপি।



মো: রুমান হাসান

উপজেলা সমাজসেবা অফিসার

নকলা, শেরপুর